বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২৫/৭৫

তারিখঃ ০৭ এপ্রিল, ২০২৫

# সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে, কারখানা কর্তৃপক্ষ শ্রম অসন্তোষ সংগঠিত হওয়ার মত কোন কার্যক্রম গ্রহণের পূর্বে আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিতকরণ প্রসঙ্গে।

বিজিএমইএ এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু কারখানা স্বাভাবিক এর চেয়ে বেশী সংখ্যায় শ্রমিকদের শোকজ/সাসপেন্ড/ছাঁটাই/টার্মিনেশান এছাড়া লে-অফ/১৩(১) ধারা (অনির্দিষ্ট কালের জন্য বন্ধ) প্রয়োগ করছে। যার ফলশ্রুতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষে পরিস্থিতি স্বাভাবিক রাখা কঠিন হয়ে পড়ছে এবং অন্যদিকে উক্ত ইস্যুগুলোকে কেন্দ্র করে কারখানায় ভাংচুর, দাঙ্গা-হাঙ্গামা, মারামারি ও সড়ক অবরোধ করে জানমালের ক্ষতিসহ জন জীবনকে বাধাগ্রস্থ করছে।

এমতাবস্থায়, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে, যদি কোন কারখানায় স্বাভাবিক এর চেয়ে অধিক সংখ্যক শ্রমিক-কর্মচারীকে শোকজ/সাসপেন্ড/ছাঁটাই/টার্মিনেশান এছাড়া লে-অফ/১৩(১) ধারা (অনির্দিষ্ট কালের জন্য বন্ধ) প্রয়োগ করার প্রয়োজনীয়তা দেখা দেয় অথবা শ্রম অসন্তোষ সংগঠিত হওয়ার সম্ভাবনা তৈরী হতে পারে এ ধরনের কোন সিদ্ধান্ত গ্রহণ করার পূর্বে, কারখানা কর্তৃপক্ষকে আইন-শৃঙ্খলায় নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনী, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, সংশ্লিষ্ট থানা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজিএমইএ, গোয়েন্দা সংস্থাসমূহকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

উক্ত বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

০৭/৪/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.or